

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে ফলাফল প্রক্রিয়াকরণ সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ফলাফল প্রক্রিয়াকরণ সফটওয়্যারের ব্যবহার বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলে (আইকিউএসি) আজ সোমবার (১৩ মে ২০২৪) অনুষ্ঠিত হয়েছে। পরীক্ষার ফলাফল প্রক্রিয়াকরণের সঙ্গে যুক্ত শিক্ষকদের নিয়ে আইকিউএসি 'এক্সামিনেশন রেজাল্ট প্রসেসিং প্রোসিডিউরস্ এন্ড সফটওয়্যার' শীর্ষক ওই প্রশিক্ষণের আয়োজন করে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবি মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম। আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. ফিরোজ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর। সম্বলনায় ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক জনাব মোঃ মুহাইমিনুল ইসলাম সেলিম। প্রশিক্ষণে রিসোর্স পার্সন ছিলেন কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক ড. ইফতেখার মাহমুদ তৌহিদ।

উদ্বোধনী বক্তব্যে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, বর্তমানে নোবিপ্রবির উদ্ভাবিত সফটওয়্যার দিয়েই রেজাল্ট প্রক্রিয়ার সকল কাজ চলমান রয়েছে। শিক্ষকদের যারা এর সঙ্গে যুক্ত তাদের জন্য এই সফটওয়্যার অনেক বেশি কার্যকর বলে আমি মনে করি। কাজেই আমাদের ইচ্ছাশক্তি থাকতে হবে নতুন প্রযুক্তির উদ্ভাবন ও এর ব্যবহার নিশ্চিতকরণে। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন, শিক্ষকগণ রেজাল্ট প্রকাশের ক্ষেত্রে যেসব সমস্যার সম্মুখীন হন আশা করি এই প্রশিক্ষণের মাধ্যমে তার সুষ্ঠু সমাধান হবে। আজকের এই প্রশিক্ষণ ফলপ্রসূ হোক এই আশাবাদ ব্যক্ত করছি। সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

উল্লেখ্য, নোবিপ্রবির বিভিন্ন বিভাগে পরীক্ষার ফলাফল প্রকাশের সঙ্গে যুক্ত শিক্ষকদের মধ্যে প্রতি বিভাগ থেকে দুইজন করে শিক্ষক এই প্রশিক্ষণে অংশ নেয়।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবাইলঃ ০১৭৩৩৯৯৮৮৭৪